

16 JUL 2016
পঞ্চাশ্বিংশ কলা.....

যুগান্তর

//ইউনেক্সোর প্রতিবেদন\\

বিশ্বে প্রতি ১০ শিশুর একজন স্কুলে যাওয়ার সুযোগ বক্ষিত

বিডিনিউজ টেম্পেটকোর ডটকৰ

বিশ্বে ২৬ কোটি ৩০ লাখ শিশু স্কুলে যাওয়ার সুযোগ পায় না বলে জানিয়েছে জাতিসংঘের শিশু, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা ইউনেক্সো। স্কুলবক্ষিত শিশুদের এ সংখ্যা প্রতি ১০ জনে একজন বলে গুরুবার এক প্রতিবেদনে জানিয়েছে সংহাটি।

স্কুলবক্ষিত শিশুদের এ হার ২০৩০ সালের মধ্যে, সব শিশুকে শিক্ষার আলোয় নিয়ে আসার জাতিসংঘের লক্ষ্যকে কঠিন করে তুলবে বলে মনে করে ইউনেক্সো।

তবে সাংস্কৃতিক বচরণগুলোয় স্কুলবক্ষিত শিশুদের সংখ্যার 'উঠা-নামা' দেখা গেলেও ২০০০ সালের তুলনায় অবস্থার উন্নতি হয়েছে তবে সংখ্যাটির প্রতিবেদনে উল্লেখ করা হয়। ২০০০ সালে ৩৭ কোটি ৪০ লাখ শিশু স্কুলে যাওয়ার সুযোগ পেত না।

প্রতিবেদনে বলা হয়, যেসব শিশু স্কুলে যাওয়ার সুযোগ পায় ন তাদের একটা অংশ সংযোগ পূর্ণ এলাকায় বাস করে; আর বাকিয়া যেযে শিশু, যারা এমন সমাজে বাস করে যেখানে নারীদের শিক্ষাকে সমর্পণ দেয়া হয় না।

এছাড়াও বিছু শিশু স্কুলবক্ষিত রয়েছে যারা তাদের দেশে মাধ্যমিক শিক্ষা বাধ্যতামূলক না থাকায় স্কুলে যাওয়ার সুযোগ পাচ্ছে না। স্কুলের সুযোগ বক্ষিত শিশুদের মধ্যে অধিকাংশই কিশোর বয়সী। এক বিশৃঙ্খিতে ইউনেক্সোর মহাপরিচালক ইরিনা বোকোভা বলেন, 'স্কুল শুরুর বয়স থেকেই শিশুদের অস্তর্ভুক্ত করা এবং এরপর যেন শেখার চক্রে তাকে সেনিকে নজর দেয়াই আমাদের লক্ষ্য। স্কুলবক্ষিত শিশুদের প্রত্যোক্তি পর্যায়েই বাধা চিহ্নিত করে বিশেষ নজর দেয়া হবে যেয়েদের শিক্ষায়, যারা এখনও সবচেয়ে বড় অসুবিধার মুখ্যসূর্য হচ্ছে।'

জাতিসংঘের সদস্য দেশগুলো টেকশাই উন্নয়ন লক্ষ্যে ২০৩০ সালের মধ্যে অর্জনের জন্য কতগুলো লক্ষ্য ঠিক করেছে, যার মধ্যে বিশ্বজুড়ে শিশুদের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা নির্ণিত করার কথা রয়েছে। বোকোভা বলেন, 'নতুন তথ্য দেখাচ্ছে, আমরা যদি এসব লক্ষ্য অর্জন করতে চাই তাহলে সামনে আনেক পর্যাপ্ত করতে হবে।' ইউনেক্সো বলছে, সশ্রম সংযোগ শিক্ষার পথে একটি বড় বাধা। বিশ্বে প্রাথমিক বিদ্যালয়ে পড়ার বয়সী স্কুলবক্ষিত ২ কোটি ২০ লাখ শিশু সংযোগ পূর্ণ এলাকায় বসবাস করে।

স্কুলবক্ষিত শিশুদের আরেক বড় অংশ সাব-সাহারান আফ্রিকাতে বাস করে, যেখানে মাধ্যমিক স্কুল পড়ার বয়সী শিশুদের প্রতি পাঁচজনেরও তিনজনই স্কুলে যাওয়ার সুযোগ পায় না বলে উল্লেখ করা হয় প্রতিবেদনে। এতে জানানো হয়, বিশ্বজুড়ে প্রাথমিক বিদ্যালয়ে পড়ার বয়সী প্রায় দেড় কোটি মেয়ে কখনোই কোনো স্কুলে বসবাস করার সুযোগ পায়নি; যেখানে ছেলেদের ফেরতে এ সংখ্যা মাত্র এক কোটি। কখনোই স্কুলে যাওয়ার সুযোগ না পাওয়া যেয়েদের প্রায় অর্ধেক সাব-সাহারান আফ্রিকায় বাস করে।